যায়যায়দিন

তারিখ 28 DEC 2006
পৃষ্ঠা ... কলাম ...

# র‍্যাগের নামে মানসিক নির্যাতনের অভিযোগে শাবির ৬ ছাত্র বহিষ্কার

শাবি প্রতিনিধি

র‍্যাগের নামে জুনিয়র ছাত্রদের মানসিক নির্যাতনের অভিযোগে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছয় শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কারসহ আর্থিক জরিমানা করেছে ইউনিভার্সিটি কর্তৃপক্ষ। গতকাল বুধবার সিন্ডিকেটের মিটিংয়ে এ বহিষ্কার করা হয়।

জানা যায়, ইউনিভার্সিটি ক্যাম্পাসের বাইরে মদিনা মার্কেট এলাকার হেলানো টাওয়ার নামে বিল্ডিংয়ের মেসের ছাত্ররা স্রেফ মজা করার জন্য কয়েকদিন আগে প্রথম বর্ষের কয়েকজন ছাত্রকে র‍্যাগের নামে মানসিকভাবে নাজেহাল করে। এ জন্য শাস্তিপ্রাপ্তদের মধ্যে পরিসংখ্যান বিভাগের আঃ গাফফার ফরহাদকে চার সেমিস্টার বহিষ্কার ও পাঁচ হাজার টাকা জরিমানা, কেমিকাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স বিভাগের মনসুর আহমেদ রনি ও রকিবউদ্দিন রকিবকে দুই সেমিস্টার করে বহিষ্কার ও তিন হাজার টাকা করে জরিমানা, পদার্থবিজ্ঞান বিভাগের রফিকুল ইসলাম রফিককে এক সেমিস্টার বহিষ্কার ও এক হাজার টাকা জরিমানা, পরিসংখ্যান বিভাগের মোঃ আদনান এবং শহিদুল হাসানকে তিন হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। শাস্তিপ্রাপ্ত সবাই প্রথম বর্ষের দ্বিতীয় সেমিস্টারের ছাত্র। আগামী সেমিস্টার থেকে তাদের শাস্তি কার্যকর হবে বলে সিন্ডিকেট মিটিংয়ে সিদ্ধান্ত নেয়া হয়।